

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৬৯
জিরানীয়া, ২২ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

জিরানীয়া মহকুমায় ভোটকর্মীদের মহড়া

লোকসভা নির্বাচন উপলক্ষে আজ জিরানীয়ার অগ্নিবীণা হলে জিরানীয়া মহকুমার নির্বাচনের কাজে নিযুক্ত ভোটকর্মীদের প্রথম পর্যায়ের মহড়া অনুষ্ঠিত হয়। জিরানীয়া মহকুমার অন্তর্গত তিনটি বিধানসভা ক্ষেত্র ৫-খয়েরপুর, ১০-মজলিশপুর এবং ১১-মান্দাই (এসটি) বিধানসভা ক্ষেত্রের সমস্ত নিয়োগপ্রাপ্ত ভোটকর্মীদের জন্য এই প্রশিক্ষণ শিবিরে উপস্থিত ছিলেন এই তিনটি বিধানসভা ক্ষেত্রের সহকারি নির্বাচন আধিকারিক জে ভি দোয়াতি, শান্তি রঞ্জন চাকমা এবং অনিমেশ ধর। প্রশিক্ষণ শিবিরে সহকারি নির্বাচন আধিকারিকগণ বিস্তারিত আলোচনা করেন।
